

Times Today BD

জিএম সিরাজ | রংপুর | 20 April, 2025

কুড়িগ্রামে জাতীয়করণের দাবিতে ইবতেদায়ী শিক্ষকদের মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। রবিবার (২০ এপ্রিল) বেলা ১১টার দিকে কুড়িগ্রাম জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ কর্মসূচি পালন করেন তারা। পরে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

এ সময় মনিরুজ্জামানের সঞ্চালনায় বক্তব্য রাখেন, কুড়িগ্রাম জেলা ইবতেদায়ী মাদরাসা শিক্ষক সমিতির সভাপতি আব্দুর রশিদ, সাধারণ সম্পাদক সাইফুর রহমান, ইবতেদায়ী মাদরাসা জাতীয়করণ বাস্তবায়ন কমিটির জেলা সমন্বয়ক নুরুল্লাহী সরকার, শিক্ষক আব্দুল কুদ্দুস, সেফায়েত হোসেন সোলায়মান আলী, আব্দুল মোতালেব, রুহুল আমিন জেসমিন আক্তার প্রমুখ।

বক্তারা বলেন, মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক রেজিস্ট্রেশন প্রাপ্ত অনুদানভুক্ত ও অনুদান বিহীন সকল স্বতন্ত্র ইবতেদায়ী মাদ্রাসা গত সরকারের নির্দেশে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রাথমিক বিদ্যালয়ের ন্যায় জাতীয়করণ সহ উদযা দাবী ঘোষণা বাস্তবায়নের প্রতিশ্রুতি দেওয়া হয়। কিন্তু দীর্ঘদিনেও বাস্তবায়ন হওয়ায় ক্ষোভ প্রকাশ করেন তারা।

বক্তারা আরো বলেন, দীর্ঘ ২৪ বছর ধরে আমরা বিনা বেতনে চাকরি করে আসছি। আগামী ১৩ মে সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী ইবতেদায়ী মাদরাসাগুলো জাতীয়করণ করা না হলে ১৩ মে জাতীয় প্রেস ক্লাবের সামনে কঠোর কর্মসূচির ঘোষণা দেন শিক্ষকরা। মানবন্ধনে জেলার ৪০০ মাদরাসার সহস্রাধিক শিক্ষক উপস্থিত ছিলেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:33

URL: <https://www.timestodaybd.com/rangpur/5627231125>